## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 12 APRIL 2026 ,SUNDAY | ১২ এপ্রিল ২০২৬ ,রবিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-131


## সার্বিক আইনশৃঙ্খলা খতিয়ে দেখলেন পুলিশ সুপার দেওগাঁও এলাকায়




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ এপ্রিল :** আলিপুরদুয়ার জেলার ফালাকাটা থানার অন্তর্গত দেওগাঁও এলাকা পরিদর্শন করলেন আলিপুরদুয়ার জেলার পুলিশ সুপার অমিত কুমার সাউ শনিবার দুপুরে। শুক্রবার রাতে ফালাকাটা বিধানসভার বিজেপির প্রার্থী দীপক বর্মনের প্রচার চলাকালীন আক্রমণ করেন তৃণমূল সমর্থকরা এমনটাই অভিযোগ ছিল বিজেপির। শনিবার এই ঘটনার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা করতে ওই এলাকায় পৌঁছান পুলিশ সুপার। এলাকার পরিস্থিতি শান্তিপূর্ণ এবং নিয়ন্ত্রণ রয়েছে এমনটাই জানিয়েছেন পুলিশ সুপার। দেওগাঁও কান্ডে এমন ঘটনার পরেই পুলিশ ব্যবস্থা গ্রহণ করছে। অন্যদিকে নির্ভয়ে ভোটারদের থাকতে এবং কোন সমস্যা হলে পুলিশের সাথে যোগাযোগ করার কথা বলেন তিনি। নিরাপত্তা ব্যবস্থা পর্যালোচনা করতে তিনি নাকা পয়েন্ট এবং ঝুঁকিপূর্ণ এলাকা গুলো পরিদর্শন করেন। কেন্দ্রীয় বাহিনীকে সঙ্গে নিয়ে এদিন তিনি রুট মার্চ ও করেন।

## প্রাক্তন শিক্ষামন্ত্রীর বাড়িতে ফের ইডি হানা



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১১ এপ্রিল :** শনিবার সকালে রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের বাড়িতে ফের কেন্দ্রীয় এজেন্সি ইডির হানা । কেন্দ্রীয় এজেন্সির সঙ্গে ছিল কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা। সূত্রের খবর , চাকরির নিয়োগ সংক্রান্ত দুর্নীতি মামলায় জিজ্ঞাসাবাদ করতেই এদিন প্রাক্তন শিক্ষামন্ত্রীর বাড়িতে যান ইডির আধিকারিকেরা ।এদিন প্রাক্তন শিক্ষামন্ত্রীর বাড়ির পাশাপাশি নিউ টাউনে চাকরি দুর্নীতি মামলার মিডিলম্যান প্রসন্ন রায়ের দপ্তরেও ইডির আধিকারিকেরা যান। সূত্রের খবর , চাকরির নিয়োগ দুর্নীতি মামলায় ইডি জিজ্ঞাসাবাদের জন্য প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়কে ডেকে পাঠালেও ইডির হাজিরা এরিয়ে যান পার্থ চট্টোপাধ্যায়। একাধিকবার ইডির হাজিরা এড়ানোর কারণে তাঁর বাড়িতে এদিন ইডি আধিকারিকদের হানা ।

# পাকা ব্রিজ কবে হবে ,জানতে চাইছে জনতা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ এপ্রিল :** ভোট আসে ভোট যায় মূলসাং নদীর উপর পাকা ব্রিজ তৈরির কোন পরিকল্পনা নেই রাজনৈতিক দলের নেতাদের। ভোট আসার পরেই রাজনৈতিক দলের নেতৃত্বরা আশ্বাস দেন পাকা ব্রিজ তৈরি করে দেবেন। কিন্তু গত তিন বছর যাবত একটি বাঁশের সাঁকো নেই নদীর উপর যাতায়াতের। বাশের সাঁকো না থাকায় অসুবিধার সম্মুখীন হচ্ছেন নামা যশোডাঙ্গা শিবকাটা সহ বিভিন্ন এলাকার বাসিন্দারা। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের মাঝের ডাবরি গ্রাম পঞ্চায়েত এবং টটপাড়া ১ নং গ্রাম পঞ্চায়েতে সীমানায় মূলসাং নদী। আলিপুরদুয়ার 2 ব্লক অফিস, পঞ্চায়েত সমিতিদপ্তর ভূমি সংস্কার দপ্তর যশোডাঙ্গা গ্রামীন হাসপাতাল সহ সরকারি অফিসগুলিতে আসার জন্য মাঝের ডাবরি গ্রাম পঞ্চায়েতের কয়েক হাজার লোকের যাতায়াতের রাস্তা এই মূলসাং নদীর উপর দিয়ে। পাকা ব্রিজ না থাকায় তাদেরকে কম করে দশ কিলোমিটার পথ ঘুরে আসতে হচ্ছে। বাশের সাঁকো না থাকায় ছাত্র-ছাত্রীরা সঠিকভাবে স্কুলে আসতে পারছে না। রাজনৈতিক নেতাদের টানা পূরণের দরুন ভোগান্তির শিকার এলাকার বাসিন্দারা। বিজেপির অভিযোগ তৃণমূলের দিকে। তৃণমূলের অভিযোগ বিজেপির বিধায়ক এবং সাংসদের দিকে। দুই রাজনৈতিক দলের যাঁতাকলে পড়ে হয়রানি শিকার হচ্ছেন আমজনতা। কবে হবে পাকা ব্রিজ মুলসাং নদীর উপর জানতে চাইছে জনতা।

# বিজেপির প্রার্থীকে হেনস্থা করার অভিযোগ পুলিশের কাছে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ এপ্রিল :** কুমারগ্রামের বিজেপির প্রার্থী মনোজ কুমার ওরাওঁকে হেনস্তা করার অভিযোগে শামুকতলা থানার পুলিশের কাছে ছয় জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করলেন প্রার্থী মনোজ কুমার ওরাওঁ। পরিকল্পিতভাবে তাকে গাড়ি থেকে নামিয়ে হেনস্থা করা হয়েছে এবং তাকে প্রাণে মারার চেষ্টা করেছেন চুনিয়াঝোরা এলাকার তৃণমূলের সমর্থকরা। এমনকি চুনিয়াঝোড়া এলাকায় প্রচারে গেলে তাকে প্রাণে মেরে ফেলা বলেও হুমকি দিয়েছেন এমনটাও লিখিত অভিযোগ দায়ের হয়েছে পুলিশের কাছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে অভিযোগ পাওয়ার পরেই। উল্লেখ্য শনিবার বেলা বারোটা নাগাদ প্রচার করার সময় হঠাৎই রাস্তায় গাড়ি দাঁড় করিয়ে তাকে হেনস্থা করা হয়েছে বলে অভিযোগ প্রাক্তন বিধায়ক তথা বিজেপির প্রার্থী মনোজ কুমার ওরাওঁয়ের।

# ভোটের প্রচারে বেরিয়ে তিস্তায় তলিয়ে গেলো ময়নাগুড়ির এক বিজেপি কর্মী



**সুমিত কান্তি সরকার ,এই যুগ ,ময়নাগুড়ি ,১১ এপ্রিল :** ভোটের মুখে প্রচার সেরে বাড়ি ফেরার পথে মর্মান্তিক দুর্ঘটনা। তিস্তা নদীর চরে দলীয় প্রচার চালিয়ে ফেরার সময় নদীতে তলিয়ে গেলেন এক বিজেপি কর্মী। নিখোঁজ ওই কর্মীর নাম অমল রায় (৩৫)। তাঁর বাড়ি ময়নাগুড়ির হেলাপাকড়ি সংলগ্ন বৈকুর গৌর গ্রাম এলাকায়। এই ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। তিস্তা নদীতে নিখোঁজ বিজেপি কর্মী অমল রায়ের সন্ধানে ইতিমধ্যেই উদ্ধারকাজ শুরু করেছে পুলিশ ও সিভিল ডিফেন্স।স্থানীয় সূত্রে জানা গিয়েছে, শনিবার বিকেলে প্রায় ২০ জন বিজেপি কর্মীর একটি দল হেলাপাকড়ি এলাকা থেকে তিস্তা নদী পার হয়ে ফুলিয়ার চরে ভোট প্রচারে গিয়েছিলেন। প্রচার শেষে বিকেল সাড়ে ৫টা নাগাদ কর্মীরা যখন ফিরছিলেন, তখন অধিকাংশ কর্মী নৌকায় নদী পার হলেও অমল রায় সহ ৩ জন পায়ে হেঁটে নদী পার হওয়ার সিদ্ধান্ত নেন। নদীর মাঝপথে আচমকাই স্রোতের মুখে পড়ে তলিয়ে যান অমল। বাকি দু'জন কোনওরকমে পাড়ে পৌঁছাতে সক্ষম হন। তবে, অমল রায়ের আর খোঁজ পাওয়া যায়নি।ঘটনার খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় ময়নাগুড়ি থানার পুলিশ এবং সিভিল ডিফেন্সের উদ্ধারকারী দল। নিখোঁজ কর্মীর সন্ধানে নদীতে দীর্ঘক্ষণ তল্লাশি চালানো হয়। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যান ময়নাগুড়ির বিজেপি নেতৃত্ব। নিখোঁজ অমল রায়ের বাবা দীনেশ রায় কান্নায় ভেঙে পড়ে জানান, ভোট প্রচার থেকে ফেরার সময় ছেলে নদীতে তলিয়ে গেছে, কয়েক ঘণ্টা পার হলেও এখনও কোনও হদিশ মেলেনি। পুলিশ তিস্তা নদীতে লাগাতার তল্লাশি চালাচ্ছেন নিখোঁজ যুবককে খুঁজে পেতে। ঘটনার জেরে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকা জুড়ে।

# নাবালকের আত্মহত্যাকে কেন্দ্র করে চাঞ্চল্য




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ এপ্রিল :** ১৫ বছরের এক নাবালকের ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করল শামুকতলা থানার পুলিশ । শামুকতলা থানার চুনিয়া জোড়া চা বাগান এলাকা থেকে। শনিবার সকালে তার ঝুলন্ত দেহ দেখতে পান চা বাগানে এলাকার শ্রমিকরা । এরপরেই পুলিশকে খবর দিলে পুলিশ গিয়ে তার দেহ উদ্ধার করে থানায় নিয়ে আসে। বেলা দুটা নাগাদ ময়না তদন্তের জন্য মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে পাঠায় ।ময়না তদন্ত শেষে পরিবারের হাতে তুলে দেয় মৃতদেহ তবে মৃত্যু নিয়ে কোন রহস্য আছে কিনা তাই নিয়ে তদন্ত শুরু হয়েছে।

# নির্বাচন কমিশনের নির্দেশে একাধিক পুলিশ আধিকারিকের বদল





**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১১ এপ্রিল :** হাতে আর কয়েকটা দিন , তারপরই রাজ্যে বিধানসভা নির্বাচন। নির্বাচনের প্রাক্কালে ফের রাজ্য পুলিশের একাধিক আধিকারিকের বদলির নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন । হাওড়া, কলকাতা সহ বিধাননগর পুলিশের একাধিক গুরুত্বপূর্ণ আধিকারিককে বদলি । ডিআইজি , সিআইডি সহ পুলিশ ও গোয়েন্দা বিভাগের একাধিক বড় পদে বদলির বিজ্ঞপ্তি জারি করল নির্বাচন কমিশন। রাজ্যে বিধানসভা নির্বাচনে কোন রকমের খামতি রাখতে চাইছে না নির্বাচন কমিশন । সেই জন্য রাজ্য পুলিশের একাধিক গুরুত্বপূর্ণ আধিকারিকের বদলি বলে মনে করছে রাজনৈতিক বিশ্লেষকরা। নির্বাচনকে সুষ্ঠু ভাবে পরিচালনা করতে যেকোনো রকমের পদক্ষেপ গ্রহণ করতে পারে নির্বাচন কমিশন বারংবার প্রমাণিত।

# নাকা পয়েন্ট পরিদর্শন পুলিশ অবজারভার এর




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ এপ্রিল :** নির্বাচনের জন্য তৈরি নাকা পয়েন্ট পরিদর্শন করলেন পুলিশ অবজারভার আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের মাঝেরডাবড়ী গ্রাম পঞ্চায়েত এলাকায় নাকা পয়েন্ট তৈরি করা হয়েছে নির্বাচন দপ্তরের পক্ষ থেকে। শনিবার সেই নাকা পয়েন্ট পরিদর্শন করেন পুলিশ অবজারভার। গত কয়েকদিন ধরেই পুলিশ অবজারভার আলিপুরদোর দু'নম্বর ব্লকের বিভিন্ন এলাকা পরিদর্শনের পাশাপাশি থানা পরিদর্শন করছেন। এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য সাধারণ মানুষকে বার্তা দিচ্ছেন। নির্ভয়ে ভোটদানের জন্য জনতা কে সচেতন করছেন। বিধানসভা ভোটের দিন পর্যন্ত পরিদর্শনের পাশাপাশি ভোটারদের সচেতন করবেন বলে জানিয়েছেন।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |